গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পারসোনেল-৩ শাখা
www.mefwd.gov.bd

নম্বর: ৫৯.০০.০০০০.০০০.১১১.১৫.০০০১.২৬.৩২

তারিখ: ৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ২৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর আওতাধীন আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরপিটিআই), কাজিপুর, সিরাজগঞ্জ এর নিম্নবর্ণিত কর্মকর্তা কর্তৃক 'সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা-৫৩ মোতাবেক দাখিলকৃত স্বেচ্ছায় ইস্তফাপত্র গ্রহণপূর্বক নিম্নবর্ণিত শর্তে তাঁকে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হ'ল:

ক্রম	কর্মকর্তার নাম, পদবি, বর্তমান কর্মস্থল	চাকরিতে যোগদানের তারিখ	ইস্তফা প্রদানের তারিখ	ইস্তফার বিবরণ
১.	জনাব তাসলিমা ইসলাম অধ্যক্ষ আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরপিটিআই), কাজিপুর, সিরাজগঞ্জ	১৫-০৩-২০১৮ খ্রি.	০১-১২-২০২৫ খ্রি.	ব্যক্তিগত ও পারিবারিক প্রয়োজনে

শর্তাবলী:

(ক) বর্ণিত কর্মকর্তার সরকারি চাকরির বয়স ২৫ বছর পূর্ণ না হওয়ায় অব্যাহতি প্রদানের ফলে বিধি মোতাবেক আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না; তবে সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত অর্থ প্রাপ্য হবেন; এবং
(খ) বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে ভবিষ্যতে কোনো অডিট আপত্তি পাওয়া গেলে তার দায়-দায়িত্ব তিনি অথবা তার অবর্তমানে বৈধ ওয়ারিশগণ বহন করতে বাধ্য থাকবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫-১০-২০২৬
মুহা: আখতারুজ্জামান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮০২৯৫৫৭১৪৪
ইমেইল : per3@mefwd.gov.bd

নম্বর: ৫৯.০০.০০০০.০০০.১১১.১৫.০০০১.২৬.৩২/১ (১২)

তারিখ: ৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ২৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
১০। অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরপিটিআই), কাজিপুর, সিরাজগঞ্জ।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ।
১২। ব্যক্তিগত কর্মকর্তা, পারসোনেল অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

২৫-১০-২০২৬
মুহা: আখতারুজ্জামান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)